সংবাদ

তারিখ ... 25 OCT 2016 পৃ. ... কলাম ...

# ফেসবুকে ঢাবি নিয়ে কুরুচিপূর্ণ স্ট্যাটাস ব্যবস্থা নিচ্ছে প্রশাসন

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কালচার নিয়ে নিজের ফেসবুকে আপত্তিকর স্ট্যাটাস দেয়ায় তুমুল সমালোচনার মুখে পড়েছেন কাস্টম সহকারী কমিশনার সুশান্ত পাল। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মানহানি ঘটায় পালের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নিচ্ছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। গতকাল বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. এম আমজাদ আলী সাংবাদিকদের এ তথ্য জানান। তিনি বলেন, গতকাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা আমার কাছে সব ডকুমেন্ট জমা দিয়ে যায়। আমি সবগুলো যাচাই-বাছাই করে দেখেছি। ডকুমেন্টগুলো উপাচার্যের কাছে নিয়ে যাব। উপাচার্যের সিদ্ধান্তের ওপর ভিত্তি করে তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

এর আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে কুরুচিপূর্ণ, মিথ্যা ও বানোয়াট লেখা সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে পোস্ট করলে শিক্ষার্থীদের তীব্র প্রতিবাদের পর ফেসবুকেই ফের স্ট্যাটাস দিয়ে ক্ষমা চান ৩০তম বিসিএসে কাস্টম কর্মকর্তা সুশান্ত পাল। শিক্ষার্থীরা দাবি করেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়কে ছোট করতে এবং পরিস্থিতি উত্তপ্ত করতেই সুশান্ত পাল কাজটি পরিকল্পিতভাবে করেছেন। এ কারণে সুশান্তের বিরুদ্ধে মামলার অনুমতি চায় ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবার, যেটি বিশ্ববিদ্যালয়ের বর্তমান ও সাবেক শিক্ষার্থীদের ফেসবুক গ্রুপ। তারা সুশান্ত পালের বিরুদ্ধে আইসিটি আইনে মামলা এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে তার সার্টিফিকেট বাতিলের দাবি জানান।